

বিজিএ/কাস/২০২৪- ২৭৭

০৫ অক্টোবর ২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ মূলধনী যন্ত্রপাতি/যন্ত্রাংশ এবং ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট এর প্রত্যয়নপত্র অন-লাইনে ইস্যু প্রসঙ্গে।


এতদ্বারা সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মূলধনী যন্ত্রপাতি/যন্ত্রাংশ এবং ফায়ার ফাইটিং ইকুইপমেন্টের প্রত্যয়নপত্র জারীতে সম্পূর্ণ অন-লাইন ভিত্তিক কার্যক্রম শুরু করার জন্য বিজিএমইএ কর্তৃপক্ষ গুরুত্ব উপলব্ধি করে দ্রুত অন-লাইন কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত নিয়েছেন এবং বর্তমানে তা বাস্তবায়নের জন্য সম্পূর্ণ প্রস্তুত।

আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখ হতে মূলধনী যন্ত্রপাতি/যন্ত্রাংশ এবং ফায়ার ফাইটিং ইকুইপমেন্টের প্রত্যয়নপত্র অন-লাইনে পেতে ফি ১০০০ (এক হাজার) টাকাসহ প্রয়োজনীয় দলিলাদি অন-লাইনে আপ-লোড করতে হবে। এখন থেকে মূলধনী যন্ত্রপাতি/যন্ত্রাংশ এবং ফায়ার ফাইটিং ইকুইপমেন্টের প্রত্যয়ন পত্র নেয়ার জন্য হার্ড কপি বিজিএমইএতে দাখিল করার প্রয়োজন হবে না।

উল্লেখ্য, আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখ হতে অন-লাইনে আবেদন ব্যতীত উক্ত প্রত্যয়নপত্র ইস্যু করার সুযোগ থাকবে না।

এ ব্যাপারে আপনাদের সহযোগীতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

- বাংলাদেশ তৈরি -